Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
|---|---|
| | |

Centre Number | Candidate Number

# Pearson Edexcel International GCSE (9–1)

**Friday 9 May 2025**

Morning (Time: 2 hours 30 minutes)

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  *– there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  *– use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over*


©2025 Pearson Education Ltd.
Y:1/1/1/1/

P 7 9 7 5 1 A 0 1 2 0

Pearson

## SECTION A

**Reading**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒ . If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒ . Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** 'বৈদ্যুতিক গাড়ি' সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

### *বৈদ্যুতিক গাড়ি*

বর্তমানে বৈদ্যুতিক গাড়ি পরিবেশের জন্য ভালো বলে মনে করা হয়। তাই পৃথিবীজুড়ে বৈদ্যুতিক গাড়ি বেশ জনপ্রিয়। এ কারণে বিশ্বের সব বড় বড় গাড়ি নির্মাতা প্রতিষ্ঠানই বেশি করে এ ধরনের গাড়ি তৈরি করতে শুরু করেছে। গাড়ি চালাতে জ্বালানী তেল ব্যবহার করা হয় না বলে এসব গাড়ি বাতাসে বিষাক্ত গ্যাস নির্গত করে না।

তবে বৈদ্যুতিক গাড়িতে থাকা ব্যাটারির কারণে সাধারণ গাড়ির তুলনায় এটি ৩০ শতাংশ বেশি ভারী হয়। আর এ কারণে বৈদ্যুতিক গাড়ির টায়ার ও ব্রেক দ্রুত ক্ষয় হয়। আর ক্ষয় হয়ে তৈরি হওয়া কণা বাতাসে মিশে পরিবেশ দূষণ করে।

বৈদ্যুতিক গাড়ি ও গ্যাসচালিত গাড়ির টায়ার ও ব্রেক থেকে ছড়িয়ে পড়া দূষিত কণার পরিমাণ জানার জন্য গবেষণা করেছে একদল গবেষক। গবেষণায় দেখা গেছে যে বৈদ্যুতিক গাড়ি গ্যাসচালিত গাড়ির তুলনায় পরিবেশে বেশি কণা ছড়াচ্ছে। বিজ্ঞানীরা বলেছে যে বৈদুতিক গাড়ি সম্পর্কে আরও অনেক কিছু জানা দরকার।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA



P 7 9 7 5 1 A 0 2 2 0

| | | | |
|---|---|---|---|
| **A** বিশ্বব্যাপী | **B** বাড়ছে | **C** কমছে | **D** পরিবেশবান্ধব |
| **E** টাকা | **F** তথ্য | **G** হালকা | **H** তাড়াতাড়ি |
| **I** ভারী | **J** ধীরে | **K** দেশজুড়ে | **L** মাঝারি |
| **M** কম | | | |

| **উদাহরণ:** | ধারণা করা হয় বৈদ্যুতিক গাড়ি ...। | D |
|---|---|---|
| **1** (a) | বৈদ্যুতিক গাড়ি ... বেশ জনপ্রিয়। | |
| **1** (b) | বর্তমানে বৈদ্যুতিক গাড়ির উৎপাদন ...। | |
| **1** (c) | সাধারণ গাড়ি বৈদ্যুতিক গাড়ির চেয়ে বেশি ...। | |
| **1** (d) | বৈদ্যুতিক গাড়ির ব্রেক ক্ষয় হয় ...। | |
| **1** (e) | গ্যাসচালিত গাড়ির কণা নির্গমনের পরিমাণ ...। | |
| **1** (f) | বিজ্ঞানীদের বৈদ্যুতিক গাড়ি সম্পর্কে আরও ... প্রয়োজন। | |

**(Total for Question 1 = 6 marks)**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**2** ‘অডিওবুক’ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন বন্ধুর মতামত পড়ো। ৮টি সঠিক বাক্সে ☒ চিহ্ন বসাও। কোনো কোনো বাক্যে অথবা নামের নিচে **একাধিক** ☒ বা কোনো ☒ **না-ও** থাকতে পারে ।

## অডিওবুক

**তমাল**



অডিওবুক হলো এমন বই যা শোনা যায়। আগে যেমন মানুষ সিডি চালিয়ে গান শুনতো, এটা ঠিক তেমনই। অডিওবুক রেকর্ড করা থাকে আর সেটা বাজিয়ে শোনা হয়। বাংলাদেশে আজকাল এর ব্যবহার শুরু হয়েছে। এটি শোনার একটি সুবিধা হলো ভালো সময় কাটানো যায়। একঘেয়েমি এড়াতে কেউ কেউ হেডফোনে অডিওবুক শুনতে পারেন।

**নার্গিস**



অডিওবুকের ধারণা বাংলাদেশে নতুন। বাংলাদেশের পাঠকরাও এখন অডিওবুকের সাথে পরিচিত হচ্ছে। অডিওবুক শোনার সুবিধাগুলো হলো, এটা শুনতে শুনতে অন্য কাজ করা যায়; ঘরের কোনো কাজ করার সময় প্লেয়ারে অডিওবুক ছেড়ে দিয়ে দুই কাজ একসাথে করা যায়। দৃষ্টিহীন মানুষেরাও অডিওবুকের আনন্দ পেতে পারেন। দেশের বাইরে থেকেও অ্যাপের মাধ্যমে বাঙালিরা বাংলা অডিওবুক শুনতে পারেন।

**শাওন**



অডিওবুক মূলত ব্যবহার করেন তরুণেরা। তবে এর পাশাপাশি যাঁরা বয়স্ক তাঁরাও আজকাল অডিওবুকের প্রতি আকৃষ্ট হচ্ছেন। বয়স হয়ে গেলে অনেকেরই চোখের জ্যোতি কমে আসে। তাই যেসব বয়স্ক মানুষ বই পড়তেন, তাঁরা এখন অডিওবুক শুনতে পছন্দ করছেন। বিদেশে থাকার কারণে যাঁরা বাংলাদেশের বই কিনতে পারেন না, তাঁরাও অনলাইন থেকে অডিওবুক কিনে নিতে পারেন।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA



P 7 9 7 5 1 A 0 4 2 0

| | | তমাল | নার্গিস | শাওন |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | একসময় সিডি চালিয়ে গান শোনা হতো। | ☒ | ☐ | ☐ |
| **A** | বাংলাদেশে অডিওবুকের প্রচলন সাম্প্রতিক। | ☐ | ☐ | ☐ |
| **B** | অডিওবুক শোনার পাশাপাশি অন্য কাজও করা যায়। | ☐ | ☐ | ☐ |
| **C** | দেখতে অসুবিধা হয় এমন লোকজনের পছন্দ অডিওবুক। | ☐ | ☐ | ☐ |
| **D** | অডিওবুক কেনা অনেক ব্যয়বহুল। | ☐ | ☐ | ☐ |
| **E** | অনেক বৃদ্ধদের কাছে অডিওবুক উপযোগী। | ☐ | ☐ | ☐ |
| **F** | প্রবাসীরা অডিওবুক শোনার সুবিধা পায়। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**3** ‘রুবিনার মেট্রোরেল ভ্রমণ’ সম্পর্কে লেখাটি পড়ো। **বাংলায়** শব্দ/শব্দমালা দিয়ে নিচের নোটগুলো পূরণ করো।

***রুবিনার মেট্রোরেল ভ্রমণ***

রাজধানী ঢাকায় মেট্রোরেল চালুর খবর অনেকদিন আগে টেলিভিশনে দেখেছিলো ষোলো বছরের রুবিনা। একটি সেলাই কারখানায় কাজ শেষে বিকেলে সে একটি স্কুলে নবম শ্রেণিতে লেখাপড়া করে। অটোরিকশাচালক বাবা সেলিমের কাছে রুবিনা একদিন মেট্রোরেলে চড়তে চেয়ে আব্দার করেছিলো, কিন্তু বাবা বলেছিলো, ‘অনেক টাকা লাগে।’ তবে ভাড়া ঠিক কত, সেটা রুবিনা জানে না। তার ভাষায়, বাবাও জানে না। কারণ, একবার সে বাবার কাছে ভাড়া কত জানতে চেয়ে উত্তর পেয়েছিলো, ‘অনেক টাকা।’ তবে গত রবিবার বিনা ভাড়াতেই রুবিনা আর তার ছোট ভাই জনি মেট্রোরেলে ওঠার সুযোগ পায়।

রুবিনা আর জনির মতো প্রায় পঞ্চাশজন শিশু সেদিন প্রথমবারের মতো মেট্রোরেলে চড়ার সুযোগ পেয়েছিলো। জাতীয় শিশু দিবস উপলক্ষে এই শিশুদের মেট্রোরেলে আনন্দভ্রমণের আয়োজন করা হয়েছিলো।

রুবিনার ভাষায়, মেট্রোরেলের সব সুন্দর। যেমনটা টেলিভিশনে দেখেছিলো। শরীরের তুলনায় বড় মাপের টি-শার্ট পরা ছয়-সাত বছর বয়সী সাইম ও হাসান মেট্রোরেলের জানালা দিয়ে বাইরে তাকিয়ে একে অপরকে বলছিলো, ‘দ্যাখ, দ্যাখ, কী সুন্দর!’ ওপর থেকে শহর অন্য রকম লাগছিলো তাদের কাছে, তাই সবকিছু সুন্দর দেখাচ্ছিলো। রুবিনার মতো তারা দুজনও রাজধানীর ঝিলপাড়ে থাকে। রুবিনা মনে মনে ভাবছিলো একদিন সে যখন খুশি তখন মেট্রোরেলে চড়বে। সেই লক্ষ্যে সে অনেক পরিশ্রম করে টাকা আয় করবে।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণ:** মেট্রোরেল চালু হওয়ার খবর রুবিনা দেখেছিলো: ..........টেলিভিশনে।..........

(a) রুবিনার বয়স: ..........

**(1)**

(b) রুবিনা কাজ করে একটি: ..........

এবং বিকেল বেলার স্কুলটিতে সে পড়ে: ..........

**(2)**

(c) সেলিমের পেশা: .......... এবং

তাঁর মতে মেট্রোরেলের ভাড়া: ..........

**(2)**

(d) বিনা ভাড়ায় মেট্রোরেলে চড়ার সুযোগ পেয়েছিলো: .......... শিশু

আর এর উপলক্ষ ছিলো: .......... উদ্‌যাপন।

**(2)**

(e) সাইম ও হাসানের পরণের জামাগুলোর আকার: ..........

**(1)**

(f) সাইম ও হাসানের চোখে রাজধানী শহর: ..........

আর এর কারণ হলো: ..........

**(2)**

(g) রুবিনার প্রত্যাশা যে সে: ..........

এবং সেটা পূরণ করতে সে: ..........

**(2)**

**(Total for Question 3 = 12 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**4** (a) নিচে দেওয়া **'আত্মকথা'** থেকে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন-স্মৃতির অংশবিশেষ পড়ো।

***জীবন-স্মৃতি***

আমার ইংল্যান্ডে যাওয়া হয়েছিলো একবার সতেরো বছর বয়সে। এরপর দ্বিতীয়বার গিয়েছিলাম **১৯১২** সালে। প্রথমবার **১৮৭৮** সালে অক্টোবর মাসে ইংল্যান্ডে আসি। ব্রাইটনে শুরু হয় আমার বিলেত জীবন। সেখানে ব্রাইটন কলেজে আমার লেখাপড়ার শুরু। ছেলেবেলা থেকে বাইরের পৃথিবীর সঙ্গে আমার যোগাযোগ ছিলো না বললেই চলে। এমন সময়ে হঠাৎ সতেরো বছর বয়সে বিলেতের জনসমুদ্রের মধ্যে এসে আমার হাবুডুবু খাওয়ার ভয় ছিলো। তবে প্রথম ভ্রমণে আমার এক আত্মীয় ব্রাইটনে থাকায় তাঁদের আশ্রয়ে বিদেশে থাকার ধাক্কাটা আর গায়ে লাগলো না।

কিছুদিন পর, আরো ভালো লেখাপড়ার উদ্দেশ্যে বড় ভাইয়ের এক বন্ধুর সাথে লন্ডনে গিয়েছিলাম। ভর্তি হয়েছিলাম ইউনিভার্সিটি কলেজ অব লন্ডনে, আইন বিভাগে। কিন্তু থাকা-খাওয়া নিয়ে বেঁধেছিলো বিপত্তি। অনেক খোঁজ-খবরের পর একজন ডাক্তারের বাসায় পেয়িং গেস্ট হিসেবে থাকার ব্যবস্থা হয়েছিলো। সে বাসাটি ছিলো একটি উদ্যানের সামনে।

তখন অনেক শীত। সামনের বাগানের গাছগুলোর একটিতেও পাতা নেই। দেখতে পেলাম, ইংল্যান্ডে রাস্তা দিয়ে যারা চলে, বগলে ছাতি নিয়ে হুস হুস করে চলছে; পাশের লোকজনের উপর ভ্রুক্ষেপ নেই। মুখে যেন মহা উদ্বেগ, সময় তদের ফাঁকি না দিয়ে পালায় এই তাদের প্রাণপণ চেষ্টা। এ দেশের জমিতে আঁচড় কাটলেই শস্য হয় না কারণ শীতের সঙ্গে লড়াই করতে হয়। শীতের উপদ্রবে এদের কত কাপড় দরকার হয় তার ঠিক নেই। কম খাবার খেলে এ দেশে বাঁচবার জো নেই, শরীরে তাপ হওয়ার জন্য অনেক খাবার খাওয়া চাই।

গল্পটি পড়ে **বাংলায়** নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) লেখক কতবার ইংল্যান্ডে গিয়েছিলেন?

**(1)**

.......................................................................................................................................

(ii) লেখক সর্বশেষ ইংল্যান্ডে কবে গিয়েছিলেন?

**(1)**

.......................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

(iii) লেখকের প্রথমবার বিদেশে থাকতে অসুবিধা হয়নি কেন?

**(1)**

.......................................................................................................................................

(iv) লন্ডনে লেখক কোন বিষয়ে লেখাপড়া করেছিলেন?

**(1)**

.......................................................................................................................................

(v) লেখকের বসবাস করা লন্ডনের বাড়ি সম্পর্কে **দুটি** বিষয় উল্লেখ করো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(vi) ইংল্যান্ডে চাষাবাদ করা কঠিন কেন? **একটি** বিষয় লেখো।

**(1)**

.......................................................................................................................................

(vii) ইংল্যান্ডের লোকজনকে লেখক কীভাবে বর্ণনা করেছেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(viii) শীত থেকে বাঁচার জন্য লেখক কী পরামর্শ দিয়েছেন? **একটি** বিষয় লেখো।

**(1)**

.......................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**4** (b) 'জীবন-স্মৃতি' সম্পর্কে আলোচনাটি পড়ে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও।

**সাবরিনা:** 'আমার অভিজ্ঞতায় বিদেশে পড়তে যাওয়ার ক্ষেত্রে একটি বড় চ্যালেঞ্জ হলো পরিবার থেকে দূরে থাকা। বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনদের ছেড়ে অন্য দেশে থাকতে গিয়ে অনেকেরই মন খারাপ হয়। তাই নতুন পরিবেশে নিজেকে অভ্যস্ত করতে আমি লেখাপড়া নিয়ে ব্যস্ত থাকি এবং কীভাবে নতুন নতুন জিনিসের সঙ্গে পরিচিত হওয়া যায় সে সুযোগ খুঁজে বের করি।

নতুন জায়গায় গেলে ভিন্ন সংস্কৃতির মানুষের সঙ্গে বন্ধুত্ব করাটা অনেক সময় সহজ নাও হতে পারে। ফলে নিজেকে বহিরাগত মনে হয়। বহিরাগত যাতে মনে না হয় এজন্য যে কারও সঙ্গে বন্ধুত্ব বা সম্পর্ক গড়ে তোলা ঠিক নয়। আমার পরামর্শ হলো যে সময় নিয়ে সহপাঠীদের সাথে তাদের সংস্কৃতির বিষয়ে জানো। ক্যাম্পাসের ক্লাবে যুক্ত হও। আশেপাশের এলাকা ঘুরে দেখো। এসব করতে গিয়ে একসময় ভালো বন্ধুর সন্ধান পেতে পারো।

নিজের দেশ ও মানুষ থেকে দূরে থাকা খুব সহজ নয়, তবে প্রয়োজন পড়লে সেটা আমাদের করতেই হয়।'

**নিশো:** 'আমি মনে করি বিদেশে পড়তে যাওয়ার আরেকটি সমস্যা হলো লেখাপড়া থেকে শুরু করে নিজের যাবতীয় কাজ নিজেকেই করতে হয়। কেনাকাটা করা, রান্না করা, ঘর গোছানো, কাপড় ধোয়া থেকে শুরু করে ক্লাস করা, খণ্ডকালীন কাজে যাওয়া, অ্যাসাইনমেন্টসহ সব সামলাতে হয়। প্রায়ই নিজেকে বেশ এলোমেলো লাগতে পারে। সত্যি বলতে, বিদেশে পড়াশোনা করা তখন সবচেয়ে কঠিন মনে হয়। তাই আমি বলি যে প্রতিদিনের কাজের একটি রুটিন করো। একসঙ্গে সব কাজ জমিয়ে না রেখে সময়ের কাজ সময়ের মধ্যে করে ফেলো।

তবে বিদেশে উচ্চশিক্ষার অনেকগুলো সুবিধার মধ্যে একটি হলো ব্যক্তিত্বের উন্নয়ন। বিদেশে লেখাপড়ার সময় নানা রকম অভিজ্ঞতার মধ্য দিয়ে যেতে হয়। নতুন নতুন চ্যালেঞ্জ নিতে হয় তাই আত্মবিশ্বাস বাড়ে। বিভিন্ন বিষয়ে মনোযোগ ও আগ্রহ সৃষ্টি হয়।'

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

(i) নিচের বিষয়গুলোর ওপর সাবরিনার মন্তব্য সংক্ষেপে লেখো।

- মন খারাপ হওয়া এড়ানোর উপায় **(1)**
- বন্ধুত্ব করতে করণীয় **(1)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর নিশোর মন্তব্য সংক্ষেপে লেখো।

- বিদেশে ব্যস্ততা সামলানোর কৌশল **(1)**
- বিদেশে আত্ম-উন্নয়নের উপায় **(1)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

.......................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION B

### Writing

**Answer Question 5 and either Question 6(a) or 6(b) or 6(c).**

**Write your answers in the spaces provided.**

**5**

*বাগান করা*

বাগান থাকার প্রয়োজনীয়তা

বাগানে যেসব করতে ভালো লাগে

সম্প্রতি যে বাগানটি তুমি দেখেছিলে

আগামীতে বাগানে যেসব গাছ লাগাবে

'বাগান করা' সম্পর্কে **বাংলায় আনুমানিক ৮০ শব্দে লেখো**। তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 5 = 14 marks)**

**6** **আনুমানিক ১৪০ শব্দে** নিচের তিনটি কাজ থেকে যেকোনো একটি বিষয়ে **বাংলায়** লেখো।

(a) **কাজ ১**



'ভ্রমণ গন্তব্য'– এই বিষয়ে বাংলা সংবাদপত্রের জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- অতীতে ভ্রমণের অসুবিধাসমূহ
- এখনকার আকর্ষণীয় ভ্রমণ গন্তব্য
- ভবিষ্যতে পর্যটন ব্যবস্থা উন্নয়নে তোমার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

হ্যালো জয়,

কিছুদিন আগেই আমার বার্ষিক পরীক্ষা শেষ হলো। এবার কলেজে কোন বিষয়গুলো পড়বো তা বেছে নেওয়ারও সময় হয়েছে। ভাবছি কলেজে পড়ার পাশাপাশি খণ্ডকালীন কাজও করবো।

তোমার পরীক্ষা কেমন হলো? ভবিষ্যত নিয়ে কী ভাবছো? লিখে জানিও।

ভালো থেকো।

কৃষ্ণা

কৃষ্ণা যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি তাকে একটি ইমেল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- সম্প্রতি স্কুলে যে দুটি বিষয় তুমি উপভোগ করেছিলে ও কেন
- তোমার ভবিষ্যত লেখাপড়ার পরিকল্পনা
- লেখাপড়ার পাশাপাশি কাজ করার ব্যাপারে তোমার মতামত

**(26)**

(c) **কাজ ৩**

'একজন আদর্শ ব্যক্তিত্ব' সম্বন্ধে তুমি বাংলায় একটি ব্লগ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- মানুষের জীবনে আদর্শ ব্যক্তি থাকার প্রয়োজনীয়তা
- যেসব কারণে অতীতে তুমি কাউকে আদর্শ ব্যক্তি হিসেবে বেছে নিয়েছিলে
- আদর্শ ব্যক্তিদের জীবনের যেসব বৈশিষ্ট্য তোমার ভবিষ্যত জীবন গঠনে প্রভাব ফেলবে

**(26)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA



P 7 9 7 5 1 A 0 1 4 2 0

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**Indicate which question you are answering by marking a cross in the box ☒ . If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒ .**

Chosen question number: **Question 6(a)** ☐ **Question 6(b)** ☐ **Question 6(c)** ☐

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION C

### Translation into Bangla

**Write your answer in the space provided.**

7 নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

My friend and I study at the same school. Yesterday, during break, we made our way to the canteen. However, rather than eating, we decided to chat about our favourite actor. On Wednesdays, after school, we attend a film club to watch and critique movies. In my view, this is more intellectually enriching than just socialising.

My brother is a sports enthusiast and a keen footballer, who plays every day. Next Thursday, a match is due to take place. We plan to go and offer him our full support.

**(20)**

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**BLANK PAGE**

**Source information**

**Question 1**
Source: https://www.prothomalo.com/technology/automobiles/6m35h39b55

**Question 2**
Source: https://www.bbc.com/bengali/articles/cgr9686j38do
Image 1 © triloks/Getty Images
Image 2 © Fajrul Islam/Getty Images
Image 3 © Connect Images/Getty Images

**Question 3**
Source: https://www.prothomalo.com/bangladesh/capital/uxz6y76onj

**Question 4(a)**
Source: https://archive.org/details/in.ernet.dli.2015.356775/page/n183/mode/2up

**Question 4(b)**
Source: https://bangla.thedailystar.net/youth/career/news-503586
https://www.prothomalo.com/education/higher-education/n6xnwtuzjr

**Question 6**
Image © Richard Sharrocks/Getty Images

**Question 7**
Source: https://www.teachit.co.uk/resources/spanish/school-translations

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA



P 7 9 7 5 1 A 0 2 0 2 0